

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ৩০, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ, ১২ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ/২৬ মে, ২০১০ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ১৫৭-আইন/২০১০/৫৪৫-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ঢাকা বিদ্যুৎ সরবরাহ কোম্পানী লিমিটেড (ডেসকো) এর মাধ্যমে আহ্বানকৃত আন্তর্জাতিক দরপত্র নং ২৯/২০০৮ এর বিপরীতে ক্রয়াদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান মেসার্স চিটাগাং স্টীল ওয়াকর্স লিঃ কে ১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ পূর্ববর্তী সময়ে, দরপত্রে উল্লিখিত মূল্য ও শর্তানুযায়ী পণ্য সরবরাহের জন্য চুক্তিতে বা, ক্ষেত্রমত, ক্রয়াদেশে উল্লিখিত পণ্যের (বিবরণ ও সংখ্যা দ্বারা সীমিত) উপর, সরবরাহ পর্যায়ে, আরোপণীয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. নাসিরউদ্দীন আহমেদ
সচিব।

মোঃ মাহুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৪৯৬৫)

মূল্য : টাকা ২.০০